# অর্থঋন জারি মামলা নং - ৪৬৫/২০২৪

উপস্থিত : মোঃ হাসান জামান, জজ, অর্থঋন আদালত নং-১, ঢাকা

আদেশ নং- ১৬

তারিখ-১৬/০২/২০২৫ ইং

অদ্য ডিক্রীদার পক্ষ (যমুনা ব্যাংক পিএলসি, বৈদেশিক বানিজ্য শাখা) কর্তৃক বিগত ৩০/০৯/২০২৫ খ্রিঃ তারিখে দাখিলীয় অর্থঋন আদালত আইন ২০03 এর ৩৩(৭ক) ধারামতে আদালত যোগে বন্ধকী সম্পত্তির দখল প্রাপ্তির দরখাস্ত বিষয়ে প্রয়োজনীয় আদেশের জন্য দিন ধার্য আছে।

ডিক্রীদারপক্ষ হাজিরা দাখিল করেছেন। নথি প্রযোজনীয় আদেশের জন্য নেওয়া হলো।

দরখাস্ত বিষয়ে ডিক্রীদার পক্ষের বিজ্ঞ কৌসুলির বক্তব্য শ্রবন করলাম। ডিক্রীদার ব্যাংক পক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মোকদ্দমাটি ২১২,২৬,৬৯,২৯৬.৬৮/- টাকা আদায়ের জন্য দায়ের হয়। ডিক্রীদার ব্যাংক বিগত ০৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখে অর্থঋন আদালত আইন ২003 এর ৩৩(৫) ধারামতে তফসিলোক্ত সম্পত্তি  ভোগদখলের সার্টিফিকেট প্রাপ্ত হলেও উক্ত সম্পত্তি ভোগ ও দখলের চেষ্টা করিয়া ব্যর্থ হন। এমতাবস্থায় সাটিফিকেটভূক্ত ৩৫৬.০০ শতক সম্পত্তি আইনের ৩৩(৭ক) ধারার বিধান মতে আদালতযোগে দখল প্রাপ্তির নিমত্ত দখলী পরোয়ানা ইস্যু হওয়া আবশ্যক মর্মে নিবেদন করেন।

**দেখিলাম। নথি পর্যালোচনা করিলাম। ডিক্রীদার পক্ষের দাখিলী দরখাস্ত মঞ্জুর যোগ্য মর্মে বিবেচনা করি। সেমতে নাজিরের রাহা খরচা বাবদ ৫০০০/- টাকা এবং ঢুলীর খরচা বাবদ ১০০০/- টাকা আদালতে জমা প্রদান সাপেক্ষে দখলী পরোয়ানা ইস্যু করা হোক।**

আগামী--------------------------ইং তারিখ পরবর্তী আদেশ।

আমার স্বহস্তে টাইফকৃত

মোঃ হাসান জামান
জজ (যুগ্ম জেলা জজ)
অর্থঋন আদালত নং-১, ঢাকা

মোঃ হাসান জামান
জজ (যুগ্ম জেলা জজ)
অর্থঋন আদালত নং-১, ঢাকা